সমন্বয়কদের সঙ্গে আমি বসতে চাই : প্রধানমন্ত্রী

প্রধানমন্ত্রী শেখ হাসিনা বলেছেন, গণভবনের দরজা খোলা। কোটা আন্দোলনকারীদের সঙ্গে আমি বসতে চাই, তাদের কথা শুনতে চাই। আমি সংঘাত চাই না।

দেশের চলমান পরিস্থিতি শান্ত করতে বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনের সমন্বয়কদের সঙ্গে বসতে চান বলে জানিয়েছেন আওয়ামী লীগ সভাপতি ও প্রধানমন্ত্রী শেখ হাসিনা।

শনিবার (৩ আগস্ট) গণভবনে পেশাজীবী সমন্বয় পরিষদের কেন্দ্রীয় নেতৃবৃন্দের সঙ্গে বৈঠকে প্রধানমন্ত্রী এ কথা বলেন।

সূত্র: ইত্তেফাক

জামিন পেল ৮০ এইচএসসি পরীক্ষার্থী

আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রী আনিসুল হকের বিশেষ উদ্যোগে গতকাল শুক্রবার সাপ্তাহিক ছুটির দিনে ৮০ জন এইচএসসি পরীক্ষার্থী জামিন পেয়েছেন। এর মধ্যে ঢাকা বিভাগের ৫৫ জন, চট্টগ্রাম বিভাগের ১৬ জন, খুলনা বিভাগের ছয়জন এবং রংপুর বিভাগের তিনজন শিক্ষার্থী রয়েছে।

আইন মন্ত্রণালয় জানায়, কোটা সংস্কার আন্দোলনকে কেন্দ্র করে চলমান সহিংসতা ও নাশকতামূলক ঘটনার পরিপ্রেক্ষিতে হওয়া মামলায় গ্রেপ্তার এইচএসসি পরীক্ষার্থীদের পরীক্ষার কথা বিবেচনা করে আইনমন্ত্রী তাদের জামিনের বিশেষ উদ্যোগ নেন। এ জন্য তিনি শিক্ষার্থীদের দ্রুত জামিন দেওয়ার ব্যাপারে উদ্যোগী হতে সারা দেশের প্রসিকিউশন টিমকে (রাষ্ট্রপক্ষের আইনজীবী) নির্দেশনা দেন।

এই নির্দেশনার পরিপ্রেক্ষিতে গতকাল ছুটির দিনেও ঢাকার সিএমএম আদালত থেকে ৩৭ জন এবং চিফ জুডিশিয়াল ম্যাজিস্ট্রেট আদালত থেকে পাঁচজন পরীক্ষার্থী জামিন পেয়েছে।

আইনমন্ত্রী আনিসুল হক বলেছেন, কোটা সংস্কার আন্দোলনে সহিংসতার ঘটনায় করা মামলায় কোনো নিরপরাধ ব্যক্তিকে যাতে কারাগারে যেতে না হয় সে বিষয়ে সরকার ব্যবস্থা নিয়েছে। তিনি এ বিষয়ে গত বৃহস্পতিবার বলেন, বিচার বিভাগ স্বাধীন, কিন্তু প্রসিকিউশন টিম আইন মন্ত্রণালয়ের অধীনে। তাই যারা সহিংসতায় সম্পৃক্ত নয়, যারা এইচএসসি পরীক্ষার্থী এবং যারা অপ্রাপ্তবয়স্ক, তাদের জামিনের ব্যাপারে উদ্যোগী হতে প্রসিকিউশনকে নির্দেশ দেওয়া হয়েছে।

এদিকে চট্টগ্রামে কোটা সংস্কার আন্দোলনে সহিংসতাকে কেন্দ্র করে চট্টগ্রামে গ্রেপ্তার হওয়া ১৬ এইচএসসি পরীক্ষার্থী জামিন পেয়েছে। গতকাল চট্টগ্রামের চিফ জুডিশিয়াল ম্যাজিস্ট্রেট কাজী মো. শহিদুল ইসলামের আদালত তিনজনকে জামিন দেন। চট্টগ্রাম মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট অলি উল্লাহর আদালত আরো ১৩ জনকে জামিন মঞ্জুর করেন।

চট্টগ্রামের জেলা পিপি শেখ ইফতেখার সাইমুল চৌধুরী বলেন, সাম্প্রতিক আন্দোলনের সময় অন্য কোনো এইচএসসি পরীক্ষার্থী গ্রেপ্তার হয়ে থাকলে তাদের অভিভাবকরা যেন দ্রুত যোগাযোগ করেন।

জামায়াত-শিবির নিষিদ্ধে প্রজ্ঞাপন জারি

নির্বাহী আদেশে রাজনৈতিক দল বাংলাদেশ জামায়াতে ইসলামী ও ছাত্র সংগঠন ইসলামী ছাত্রশিবিরকে নিষিদ্ধ করে প্রজ্ঞাপন জারি করেছে সরকার।

বৃহস্পতিবার (১ আগস্ট) বিকেলে স্বরাষ্ট্র মন্ত্রণালয়ে থেকে এ সংক্রান্ত প্রজ্ঞাপন জারি হয়।

গতকাল বুধবার (৩১ জুলাই) স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের জননিরাপত্তা বিভাগ থেকে সচিব জাহাংগীর আলম স্বাক্ষরিত প্রজ্ঞাপনে এ তথ্য জানানো হয়েছে।

সন্ত্রাসবিরোধী আইনের ১৮ (১) ধারা অনুযায়ী জামায়াতে ইসলামী, ছাত্রশিবির ও তাদের অন্যান্য অঙ্গ–সংগঠনকে নিষিদ্ধ করা হয়েছে। এর আগে নিষিদ্ধ করার বিষয়ে আইনি মতামত দিয়ে স্বরাষ্ট্র মন্ত্রণালয়ে ফাইল পাঠায় আইন মন্ত্রণালয়।

এর আগে, সচিবালয়ে নিজ দপ্তরের এক ব্রিফিংয়ে আইনমন্ত্রী আনিসুল হক বলেন, জামায়াতে ইসলামী, ছাত্রশিবির এবং তাদের অঙ্গ-সহযোগী সংগঠনের যেসব কর্মী ১৯৭১ সালের পর জন্ম নিয়েছেন তাদের গণহারে বিচার করা হবে না।

এ সময় মন্ত্রীর কাছে জানতে চাওয়া হয়, সরকার সন্ত্রাসবিরোধী আইনে নিষিদ্ধের পর একজনকে আদালত ছাড়া অপরাধী হিসেবে শাস্তি দিতে পারে কি না- এমন প্রশ্নের জবাবে তিনি বলেন, যে আইনের কথা বলছেন আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনাল আইন, সেখানেও আমরা সংশোধনের ব্যবস্থা করেছি। এই নিষিদ্ধ করার পরেও তাকে সাজা দেওয়া যাবে না এমনটি না। তবে নিষিদ্ধ যেহেতু হয়ে গেছে, সেহেতু নিষিদ্ধ করার বিষয়টি সাজার মধ্যে আসবে না।’

এক প্রশ্নের জবাবে আনিসুল হক বলেন, জামায়াত নিষিদ্ধ হওয়ার পর তাদের সদস্যরা এই দলের অধীনে রাজনীতি করতে পারবে না। তারা যদি বাংলাদেশের কোনো আইনে অপরাধ করে থাকে, অবশ্যই তাদের বিচার হবে। কিন্তু এটা যদি বলেন, গণহারে জামায়াতের যারা নতুন কর্মী যারা ১৯৭১ সালের পর জন্ম নিয়েছে, তাদের বিচার করা হবে না।

প্রধানমন্ত্রীর সাথে চীন থেকে দেশে ফিরেছেন দিলীপ কুমার

আগরওয়ালা

সরকার প্রধানের সফরসঙ্গী হয়ে চীন সফরে গিয়েছিলেন চুয়াডাঙ্গার কৃতী সন্তান দিলীপ কুমার আগরওয়ালা।
চীনের রাজধানী বেইজিংয়ে মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা গত ৮ থেকে ১০ জুলাই পর্যন্ত ১৯৬ সদস্যের দল নিয়ে অবস্থান করেন। সফরসঙ্গীর এই দলে ছিলেন বাংলাদেশ আওয়ামী লীগের কেন্দ্রীয় শিল্প ও বাণিজ্য বিষয়ক উপ-কমিটির সদস্য, ব্যবসায়ীদের শীর্ষ সংগঠন এফবিসিসিআইয়ের সাবেক ভাইস-প্রেসিডেন্ট ও বর্তমান পরিচালক, ডায়মন্ড ওয়ার্ল্ড লিমিটেডের ব্যবস্থাপনা পরিচালক, বাংলাদেশ ডায়মন্ড মার্চেন্ট অ্যাসোসিয়েশনের প্রেসিডেন্ট, বাংলাদেশ জুয়েলার্স সমিতি (বাজুস)-এর সাধারণ সম্পাদক ও তারাদেবী ফাউন্ডেশনের প্রতিষ্ঠাতা চেয়ারম্যান চুয়াডাঙ্গার সন্তান কৃতী ব্যবসায়ী সিআইপি দিলীপ কুমার আগরওয়ালা।
তিন দিনের সফর শেষে প্রধানমন্ত্রী ও তাঁর সফরসঙ্গীদের বহনকারী বিমান বাংলাদেশ এয়ারলাইনসের বিশেষ ফ্লাইট (বিজি-১৭০৪) বুধবার দিবাগত রাত সাড়ে ১২টায় ঢাকার হজরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরে অবতরণ করে। প্রধানমন্ত্রীর সঙ্গে একইসময়ে দেশে ফেরেন দিলীপ কুমার আগরওয়ালা। এ সফরে থাকাকালে বিভিন্ন সময় মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার সাথে নানা আলোচনা করেছেন দিলীপ কুমার আগরওয়ালা। চুয়াডাঙ্গার রাজনীতিসহ বিভিন্ন বিষয়ে সফরের অবসর সময়ে একান্তে আলোচনার সুযোগ পান দিলীপ কুমার আগরওয়ালা। তার কথা গুরুত্ব দিয়ে শোনেন বঙ্গবন্ধুকন্যা মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা।
উল্লেখ্য, এর আগেও ব্যবসায়ীক গুরুত্বপূর্ণ ব্যক্তি হিসেবে প্রায় ৬০ বারের মতো মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার সফরসঙ্গী হয়ে বিভিন্ন দেশে গেছেন চুয়াডাঙ্গার এ কৃতী সন্তান।

যুক্তরাজ্যে মন্ত্রী হলেন টিউলিপ!

যুক্তরাজ্যের ‘সিটি মিনিস্টার’ হিসেবে দায়িত্ব পেলেন বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের নাতনি টিউলিপ সিদ্দিক। এই মন্ত্রণালয় দেশটির আর্থিক পরিষেবা খাত তত্ত্বাবধানের কাজ করে।

নির্বাচনে টিউলিপ সিদ্দিক পান ২৩ হাজার ৪৩২ ভোট। তার নিকটতম প্রতিদ্বন্দ্বী কনজারভেটিভ পার্টির ডন উইলিয়ামস পেয়েছেন ৮ হাজার ৪৬২ ভোট। আরেক প্রতিদ্বন্দ্বী গ্রিন পার্টির লরনা জেন রাসেল পান ৬ হাজার ৬৩০ ভোট।

এর আগে টিউলিপ সিদ্দিক যুক্তরাজ্যে ছায়া অর্থমন্ত্রী হিসেবে দায়িত্ব পালন করেন। এছাড়াও লেবার ছায়া মন্ত্রিসভার সংস্কৃতি, মিডিয়া ও ক্রীড়া উপমন্ত্রীর দায়িত্ব পালন করেন।

ব্রিটেনের রয়েল সোসাইটি অব আটর্সের ফেলো টিউলিপ সিদ্দিক ২০১৫ সালে প্রথমবার ব্রিটিশ সংসদ সদস্য নির্বাচিত হন। লন্ডনে জন্ম নেওয়া টিউলিপ ১৬ বছর বয়সে লেবার পার্টির সদস্য হয়ে যুক্ত হন ব্রিটিশ রাজনীতিতে।

পিএসসির প্রশ্নফাঁসে ১৭ জন গ্রেপ্তার!

পিএসসির প্রশ্নফাঁসে বাবা-ছেলেসহ গ্রেপ্তার হলেন ১৭ জন।

পিএসসির পরীক্ষার প্রশ্নফাঁসের অভিযোগে পিএসসির চেয়ারম্যানের সাবেক গাড়িচালক সৈয়দ আবেদ আলী জীবন ও তার ছেলে সৈয়দ সোহানুর রহমান সিয়ামসহ ১৭ জনকে গ্রেপ্তার করেছে সিআইডি।

গ্রেপ্তারদের মধ্যে আছেন পিএসসির উপপরিচালক মো. আবু জাফর ও মো. জাহাঙ্গীর আলম, সহকারী পরিচালক মো. আলমগীর কবির, অফিস সহায়ক খলিলুর রহমান ও অফিস সহায়ক (ডিসপাস) সাজেদুল ইসলাম।

এ ছাড়া রয়েছেন ঢাবির সাবেক শিক্ষার্থী ও ছাত্রলীগের রাজনীতি করা এবং বর্তমানে মিরপুরের ব্যবসায়ী আবু সোলায়মান মো. সোহেল, অডিটর প্রিয়নাথ রায়, ব্যবসায়ী মো. জাহিদুল ইসলাম, নারায়ণগঞ্জ পাসপোর্ট অফিসের নিরাপত্তা প্রহরী শাহাদাত হোসেন, ঢাকার ইমিগ্রেশন ও পাসপোর্ট অফিসে কর্মরত মো. মামুনুর রশীদ, শহীদ সোহরাওয়ার্দী হাসপাতালের মেডিক্যাল টেকনিশিয়ান মো. নিয়ামুন

হাসান, ব্যবসায়ী সহোদর সাখাওয়াত হোসেন ও সায়েম হোসেন, নোমান সিদ্দিকী ও বেকার যুবক লিটন সরকার।

নরসিংদীতে রেললাইনে কাটা পড়ে ৫জনের মৃত্যু

নরসিংদীর রায়পুরায় রেললাইনের পাশে ৫টি ছিন্নবিচ্ছিন্ন দেহ পড়ে থাকতে দেখা যায়। ধারণা করা হচ্ছে ট্রেনে কাটা পড়েই তাদের মৃত্যু হয়েছে। তবে তাৎক্ষণিকভাবে নিহতদের নাম-পরিচয় নিশ্চিত হওয়া যায়নি। আজ সোমবার ভোরে উপজেলার পলাশতলী ইউনিয়নের কমলপুর নামক স্থানে এসব ছিন্নবিচ্ছিন্ন মরদেহ পড়ে থাকতে দেখা যায়।
মেথিকান্দা স্টেশনের স্টেশন মাস্টার আশরাত আলী ৫ ব্যক্তির মৃত্যুর তথ্য নিশ্চিত করেছেন।
স্থানীয়রা জানায়, সকাল সাড়ে ৮টার দিকে রেল লাইনের পাশে পাঁচটি মরদেহ ছিন্নবিচ্ছিন্ন অবস্থায় পরে থাকতে দেখা যায়। পরে পুলিশে খবর দিলে তারা এসে সকাল সাড়ে ৯টার দিকে মরদেহগুলো উদ্ধার করে। তবে ট্রেন থেকে পড়ে গিয়ে নাকি রেল লাইনে বসে থাকা অবস্থায় কাটা পড়েছে এ বিষয়ে নিশ্চিত হতে পারেনি পুলিশ।
ঘটনাস্থলে গিয়ে দেখা যায়, মেথিকান্দা স্টেশন থেকে আড়াই কিলোমিটার দূরে ঘটনাস্থল কমলপুর। ঘটনাস্থলে কোনো সংযোগ সড়ক নেই। এখানে রাস্তা পারাপার হওয়ার সময় কেউ কাটা পরার কথা না। এটি ট্রেনে কাটা না হত্যা তা নিয়ে স্থানীয়দের মাঝে সন্দেহ দেখা দিয়েছে।
জামাল নামে স্থানীয় একজন বলেন, নিহতরা কেউ এলাকার নয়। এই স্থানে কাটা পড়ে মৃত্যু হওয়ার কথা না। এটা হত্যা নাকি দুর্ঘটনা আইনশৃঙ্খলা বাহিনী তদন্ত করে বলতে পারবে।
নরসিংদীর অতিরিক্ত পুলিশ সুপার (রায়পুরা সার্কেল) আফসান আলম বলেন, খবর পেয়ে ঘটনাস্থলে এসে বলেন, নিহতদের পরিচয় শনাক্তে কাজ করছে পিবিআই ও সিআইডি। তারা ঘটনার কারণ উদ্ধারে কাজ শুরু করছে। ঘটনাটি গুরুত্বের সঙ্গে দেখা হচ্ছে।

টানা নয়দিনের সরকারি সফরে জনপ্রশাসন মন্ত্রী মেহেরপুরে

টানা ৯ দিনের সরকারি সফরে মেহেরপুর আসছেন গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের জনপ্রশাসন মন্ত্রী ও মেহেরপুর-১ আসনের সংসদ সদস্য ফরহাদ হোসেন।

গতকাল শুক্রবার রাতে সড়ক পথে জনপ্রশাসন মন্ত্রী ফারহাদ হোসেন মেহেরপুরে এসে পৌঁছান।

৯ দিনের সফরে জনপ্রশাসন মন্ত্রী ফারহাদ হোসেন প্রতিদিন নিজ বাড়িতে নেতাকর্মীদের সাথে সাক্ষাৎকারের কর্মসূচি রয়েছে।

আগামী ২২ জুন জনপ্রশাসন মন্ত্রী ফরহাদ হোসেনের ঢাকার উদ্দেশ্যে মেহেরপুর ত্যাগ করার কথা।

মেহেরপুরে প্রধানমন্ত্রীর উপহারের ২২৯ ঘরের উদ্বোধন

আশ্রয়ন প্রকল্পে উপহারস্বরুপ ঘরের শুভ উদ্বোধন করেছেন প্রধানমন্ত্রী। সারা বাংলাদেশে ১৮৫৬৬ টি ভূমিহীন পরিবারের এর মাঝে পাকা ঘর ও জমি হস্তান্তর করেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। মেহেরপুর জেলার ২২৯ টি ঘরের উদ্বোধনী অনুষ্ঠান আয়োজন করা হয় সদর উপজেলা পরিষদ চত্বর অডিটোরিয়ামে।

আজ মঙ্গলবার (১১ জুন) সকাল সাড়ে ১১ টার দিকে ভার্চুয়ালি যুক্ত হয়ে উদ্বোধন ঘোষণা করেন প্রধানমন্ত্রী।

এ সময় উপস্থিত ছিলেন মেহেরপুর জেলা প্রশাসক শামীম হাসান, পুলিশ

সুপার এসএম নাজমুল হক,অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট শামীম ভুইয়া, অতিরিক্ত পুলিশ সুপার আহসান খান, সদর উপজেলা নির্বাহী কর্মকর্তা কাজী নাজিব হাসান সহ বিভিন্ন দপ্তরের কর্মকর্তাবৃন্দ। এ সময় জেলার বিভিন্ন রাজনৈতিক ব্যক্তিত্ব ও জনপ্রতিনিধিরাও উপস্থিত ছিলেন।

গণভবনে আয়োজিত দেশব্যাপী হস্তান্তর উদ্বোধনী অনুষ্ঠানে বক্তব্য রাখেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। উদ্বোধন ঘোষণা শেষে একযোগে দোয়া মোনাজাত অনুষ্ঠিত হয়। পরে প্রধানমন্ত্রীর অনুমতিক্রমে জেলা প্রশাসকের মাধ্যমে ভূমিহীন পরিবারের সদস্যদের মাঝে দলিল, ঘরের চাবি ও অন্যান্য কাগজপত্র হস্তান্তর করা হয়।

উল্লেখ্য মেহেরপুর জেলায় ২২৯টি ঘরের মধ্যে ৭৫ টি ভূমিহীন পরিবার পেয়েছে উপহারের নতুন ঘর। বাকিরা ইতিপূর্বে নির্মিত ঘরগুলো ভেঙে নতুন ঘরের পুনরনির্মাণ করা হয়েছে।

বন্যপ্রাণী রক্ষায় জাতীয় স্বর্ণ পদক পেলেন ঝিনাইদহের জহির রায়হান

প্রকৃতি ও বন্যপ্রাণী সংরক্ষণে জাতীয়ভাবে অবদান রাখায় ‘বঙ্গবন্ধু অ্যাওয়ার্ড ফর ওয়াইল্ড লাইফ কনজারভেশন’ পদক পেলেন ঝিনাইদহের জহির রায়হান।

রাজধানীর বঙ্গবন্ধু আন্তর্জাতিক সম্মেলন কেন্দ্রে প্রধানমন্ত্রী শেখ হাসিনার কাছ থেকে জহির রায়হান এ পদক গ্রহণ করেন।
বিশ্ব পরিবেশ দিবস ও পরিবেশ মেলা এবং জাতীয় বৃক্ষরোপণ অভিযান ও বৃক্ষমেলা ২০২৪’র উদ্বোধনের পর প্রধানমন্ত্রী বিভিন্ন ক্যাটাগরিতে জীববৈচিত্র্য রক্ষায় ও বৃক্ষরোপণে প্রশংসনীয় ভূমিকা রাখার জন্যে জাতীয় পুরস্কার-২০২৩ প্রদান করা হয়।

অনুষ্ঠানে বন্যপ্রাণী সংরক্ষণ ও ক্যাপটিভ ব্রিডিং কর্মসূচীতে

অবদান রাখায় ঝিনাইদহের জহির রায়হানকে স্বর্ণপদক প্রদাণ করা হয়েছে। ২ ভরি ওজনের স্বর্ণপদক, ১ টি সনদপত্র ও ৫০ হাজার টাকা পুরস্কার প্রদাণ করা হয় তাকে।

উল্লেখ্য, ঝিনাইদহ সদর উপজেলার রামনগর গ্রামের জহির রায়হান। ১৯৯০ সাল থেকে পরিবেশ ও প্রকৃতি সংরক্ষণে কাজ করে যাচ্ছেন তিনি। পেশায় রংমিস্ত্রী হলেও নিজের আয় থেকে বাচানো টাকা দিয়ে তিনি পরিবেশের ভারসাম্য রক্ষায় ৬ হাজার বৃক্ষরোপন করেছেন। পাশাপাশি ২০০২ সাল থেকে বন্যপ্রাণী রক্ষায় গাছে গাছে মাটির কলস বাঁধা, পাখি উদ্ধার, শিকারীদের হাত থেকে বিলুপ্তপ্রায় পাখি উদ্ধার করে অবমুক্ত করণ, জেলেদের জালে আটকা পড়া গুইসাপ, সাপ, শিয়াল উদ্ধারের পর অবমুক্তকরনের কাজ করে চলেছে।

এ ছাড়াও তীব্র তাপদাহের মাঝে পাখিদের জন্য গাছে গাছে পানির পাত্র বেঁধে দেন তিনি। বন্যপ্রাণী রক্ষায় অসামান্য অবদান রাখায় জহির রায়হান এ পদকে ভুষিত হয়েছেন। তার এই অর্জন ঝিনাইদহবাসীর জন্য গর্বের বলে মনে করেন জেলার সচেতন মহল।